Human Resources Administration
Department of Homeless Services
Department of Social Services

DHS-2a (B) 05/24/2023 (page 1 of 2)
(E) 05/17/2023 LLF

# বিশেষ এককালীন সহায়তা ("SOTA") প্রকল্পের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. **বিশেষ এককালীন সহায়তা (SPECIAL ONE TIME ASSISTANCE, "SOTA") প্রকল্প কি?**
   SOTA প্রকল্প নিউ ইয়র্ক সিটির মধ্যে, নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য কাউন্টি বা অন্য স্টেট, পুয়ের্তো রিকো, বা ওয়াশিংটন, ডি.সি-.তে স্থানান্তরিত হওয়ার যোগ্য গৃহহীন পরিষেবা বিভাগ (Department of Homeless Services, DHS) এর গ্রাহকদের জন্য এক বছর পর্যন্ত অগ্রিম ভাড়া প্রদান করবে। নিয়োগ, সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI) বা সোশ্যাল সিকিউরিটি প্রতিবন্ধকতা (Social Security Disability, SSD) সুবিধার থেকে আবৃত্ত আয়ের সাথে পরিবার এবং পরিবারের বর্তমান বা সম্ভাব্য আয়ের 40%-এর বেশি না হওয়া ভাড়া থেকে SOTA পরিমাপ করা যেতে পারে।

2. **কারা যোগ্য**?
   যোগ্যতার মাপকাঠিতে এগুলি অন্তর্ভুক্ত:
   - সন্তান আছে এমন পরিবার: পরিবারটিকে অন্তত 90 দিন আশ্রয় শিবিরে থাকতে হবে।
   - একজন প্রাপ্তবয়স্ক ও প্রাপ্তবয়স্ক পরিবারবর্গ: পরিবারটিকে শেষ 365 দিনের মধ্যে 90 দিন আশ্রয় শিবিরে অবশ্যই থাকতে হবে।
   - SOTA শুধুমাত্র সেইসব পরিবারকে প্রদান করা হবে যাদের DSS নির্ধারণ করেছে যে তাদের ভাড়া মেটাবার জন্য SOTA-এর অনুদান আর না থাকলে ভবিষ্যতে তাদের ভাড়া মেটাবার ক্ষমতা থাকার সম্ভাবনা রয়েছে। পরিবারকে নিয়োগSSI, বা SSD সুবিধা থেকে আবৃত্ত আয় এবং সেই বর্তমান বা সম্ভাব্য আয়ের 40%-এর বেশি না হওয়া ভাড়া থাকতে হবে। পরিবারটি নিউ ইয়র্ক সিটির (কেবলমাত্র) মধ্যে অন্য কোথাও গেলে, তারা কোনো ফেডারেল, স্টেট বা সিটির ভাড়ার ভর্তুকির যোগ্য হবে না।

3. **ভাড়া প্রদান করার ক্ষমতা কিভাবে নির্ণয় করা হয়**?
   SOTA ব্যবহার করার ক্ষেত্রে, গ্রাহকদেরকে আয়ের প্রমাণপত্র প্রদান করতে হবে এবং ভাড়া অবশ্যই পরিবারের আয়ের মাত্রার 40% বা তার কম হতে হবে।

4. **কিভাবে আশ্রয় শিবিরে থাকা একটি পরিবার SOTA -এর জন্য আবেদন করতে পারে?**
   কেস ম্যানেজার এবং আবাসনের বিশেষজ্ঞরা SOTA-এর জন্য যোগ্য হতে পারে এমন গ্রাহকদের সনাক্ত করেন। তার সাথে, গ্রাহকরা যদি মনে করেন যে তারা যোগ্য তাহলে তাদের কেস ম্যানেজার বা আবাসন বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করতে পারেন। আবাসন বিশেষজ্ঞরা গ্রাহকদের তাদের বাসস্থান সন্ধান করায় সাহায্য করে এবং গ্রাহকরা নিজেরাও তাদের ইউনিট সনাক্ত করতে পারেন।

5. SOTA **কি ঘর ভাড়ার জন্য ব্যবহার করা যাবে?**
   হ্যাঁ। ঘরভাড়ার জন্য SOTA ব্যবহৃত হতে পারে। নিউ ইয়র্ক শহরে ঘরভাড়া শুধুমাত্র অ্যাপার্টমেন্ট বা একক-পরিবারের বাসস্থানগুলিতে অনুমোদিত এবং ইউটিলিটিগুলি অবশ্যই ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। ঘরগুলি শুধুমাত্র সেইসব পরিবারের জন্য অনুমোদিত হবে যেখানে এমন এক বা দুইজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি রয়েছেন যাদের কোনো সন্তান নেই এবং যদি ঘরটি ভাড়া-স্থিতিশীল বা ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে থাকে তবে অনুমোদিত হবে না।

6. SOTA **ব্যবহারের সময় কি একটি অ্যাপার্টমেন্ট পরিদর্শন প্রয়োজন?**
   হ্যাঁ। DHS বা প্রদানকারী কর্মী নিউ ইয়র্ক সিটির ভিতরে, নিউ ইয়র্ক সিটির কাউন্টি নাসাউ, রকল্যান্ড, সাফোক, ও ওয়েস্টচেস্টার, বা নিউ জার্সির কাউন্টি বার্গেন, এসেক্স ,হাডসন, মিডলসেক্স, পাসায়িক, ও ইউনিয়নে সব ইউনিটের জন্য একটি বিস্তীর্ণ অ্যাপার্টমেন্ট পর্যালোচনা চেকলিস্ট ব্যবহার করে পরিদর্শন পরিচালনা করে।

7. **যদি অ্যাপার্টমেন্টের পরিদর্শন ব্যর্থ হয় তা হলে কি হবে?**
   অ্যাপার্টমেন্ট পরিদর্শনে ব্যর্থ হলে, কিন্তু সময়মত সংশোধন করে ফেলা হলে এবং অ্যাপার্টমেন্টটি দ্বিতীয় পরিদর্শনে উত্তীর্ণ হলে বা স্থানীয় কর্তৃপক্ষ থেকে অবস্থার জন্য সংশোধন সার্টিফিকেট অর্জন করলে, অ্যাপার্টমেন্টটি তবুও SOTA-এর জন্য অনুমোদিত হতে পারে।

**(পরের পৃষ্ঠায় যান)**

8. **SOTA-এর সাথে বাসস্থান ছেড়ে যাওয়া গ্রাহকদের জন্য কোন পরবর্তী সেবার সংস্থানগুলি উপলব্ধ রয়েছে?**
SOTA অংশগ্রহণকারীরা SOTA হটলাইনে 718 557 1399 নম্বরে ফোন করতে পারেন যদি:
   - তাদের বাড়িওয়ালা মেরামত করছেনা এমন বাসস্থান সংক্রান্ত সমস্যা হয়।
   - তাদের উচ্ছেদ করা হচ্ছে বা উচ্ছেদ করার হুমকি দেয়া হচ্ছে।
   - ক্ষতির সম্মুখীন হচ্ছেন বা আয় কমে গেছে এবং তাদের আয় বাড়ানোয় সাহায্য করার পরিষেবার জন্য রেফারেলের প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ, কাজের প্রশিক্ষণ বা কর্মসংস্থান পরিষেবা)।
   - তাদের এমন সমস্যা আছে যার কারণে তাদের স্থায়ী বাসস্থানে থাকার ক্ষমতা প্রভাবিত হতে পারে।
   - তাদের কমিউনিটিতে উপলব্ধ অন্যান্য পরিষেবার জন্য সহায়তা প্রয়োজন (উদাহরণস্বরূপ, স্কুলের জন্য আপনার বাচ্চার নাম কীভাবে রেজিস্টার করবেন তার তথ্য)।

9. **কখন বাড়িওয়ালা SOTA-এর অর্থ পাবেন?**
ফেব্রুয়ারি 2020 এর শুরুতে নতুন SOTA অংশগ্রহণকারীদের জন্য SOTA, প্রকল্পের অধীনে বাড়িওয়ালাদেরকে মাসিক ভিত্তিতে ভাড়া পেমেন্ট করা হবে।

10. **লিজ থাকাকালীন গ্রাহক অ্যাপার্টমেন্ট ছেড়ে গেলে কি হবে?**
SOTA বাড়িওয়ালার চুক্তির শর্তানুসারে, ভাড়াটে যে ইউনিট ছেড়ে চলে গেছে তা জানার পরে বাড়িওয়ালাকে অবশ্যই 5 দিনেরমধ্যে HRA কে তা অবহিত করাতে হবে এবং গ্রাহক না থাকার সময় প্রাপ্ত অতিরিক্ত ফান্ড ফেরত দিতে হবে। যদি ফান্ড সিটিকে ফেরত না দেওয়া হয় তাহলে সিটি রিক্যুপমেন্টের আইনি ব্যবস্থা নেবে। SOTA সময়কাল শেষ হওয়ার আগে ভাড়াটে ইউনিট ছেড়ে চলে গেলে তাদেরও DSS কে সত্বর তা জানাতে হবে।

11. **যদি কোনো বাড়িওয়ালা ভাড়াটেকে প্রথম বছরেই উচ্ছেদের চেষ্টা করে, তাহলে ভাড়াটে কিভাবে সহায়তা পেতে পারে?**
ভাড়াটে SOTA হটলাইনে কল করে তাদের কমিউনিটিতে উপলব্ধ উচ্ছেদ প্রতিরোধ পরিষেবাগুলির সাহায্য চাইতে পারেন। HRA নিউ ইয়র্ক সিটিতে থাকা ভাড়াটেদেরকে আইনজীবীর কাছে রেফার করতে পারে যারা আবাসনের আদালতে ভাড়াটের হয়ে মামলা লড়তে পারেন। বাড়িওয়ালার চুক্তির শর্তানুসারে, যদি উচ্ছেদ করা হয়ে থাকে তাহলে বাড়িওয়ালা গ্রাহক না থাকার সময় প্রাপ্ত অতিরিক্ত ফান্ড ফেরত দিতে বাধ্য। যদি ফান্ড সিটিকে ফেরত না দেওয়া হয় তাহলে সিটি রিক্যুপমেন্টের আইনি ব্যবস্থা নেবে।

12. **যদি কোনো DSS গ্রাহক 12 মাসের সময়সীমার মধ্যে নিউ ইয়র্ক সিটি আশ্রয় শিবিরে ফিরে আসেন তাহলে কি হবে?**
DHS ও HRA কেন গ্রাহক ফিরে আসছেন তা বুঝতে, উপযুক্ততা অনুসারে তাদের স্বতন্ত্র চাহিদাগুলি পরিমাপ করতে ও সেই নিয়ে কথা বলতে, এবং তাদেরকে তাদের অ্যাপার্টমেন্টে ফেরত যাওয়ায় সহায়তা করা সহ, যখনই সম্ভব আশ্রয় শিবিরে আবার প্রবেশ করা এড়িয়ে যেতে তাদের সাহায্য করতে তাদের সাথে কাছ থেকে কাজ করবে।

13. **যদি কোনো ব্যক্তি বা পরিবার তার অংশের ভাড়া 12 মাস সময়কালের পরে প্রদান করতে না পারে তাহলে কি হবে?**
SOTA শুধুমাত্র সেইসব পরিবারকে প্রদান করা হবে যাদের DSS নির্ধারণ করেছে যে তাদের ভাড়া মেটাবার জন্য SOTA-এর অনুদান আর না থাকলে ভবিষ্যতে তাদের ভাড়া মেটাবার ক্ষমতা থাকার সম্ভাবনা রয়েছে। কর্মসংস্থান, SSI অথবা SSD সুবিধাসমূহ থেকে পরিবারের পুনরাবৃত্ত আয় থাকতে হবে এবং ভাড়ার পরিমানটি অবশ্যই সেই বর্তমান আয়ের 40% এর বেশি হলে হবে না। ভাড়াটে ক্ষতির সম্মুখীন হলে বা আয় কমে গেলে এবং তার আয় বাড়ানোয় সাহায্য করার পরিষেবার জন্য রেফারেলের প্রয়োজন হলে SOTA হটলাইনে কল করতে পারে। ভাড়াটে যদি নিউ ইয়র্ক শহরে থাকেন, তাহলে তারা সহায়তার জন্য স্থানীয় বাসাভিত্তিক কর্মসূচি বা HRA বেনিফিট এ্যাক্সেস কেন্দ্রে যেতে পারেন। একটি শেষ উপায় হিসেবে, অন্য কোনো সম্ভাব্য আবাসন না থাকলে, কোনো ব্যক্তি বা পরিবার SOTA প্রকল্পে তাদের অংশগ্রহণের 12-মাস শেষ হওয়ার পরে আশ্রয় শিবিরের জন্য আবার আবেদন করতে পারে। আজ পর্যন্ত, খুবই অল্প সংখ্যক ব্যক্তি বা পরিবার এমনটি করেছে।

14. **কোনো গ্রাহক কি একবারের বেশিবার SOTA পেতে পারেন?**
না। DHS গ্রাহকেরা কেবলমাত্র একবারের জন্য এই ভাড়া সহায়তা পাবার যোগ্য।